# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২১৭/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার, ৮ মে ২০১৮, ২৫ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে রাষ্ট্রপতির শ্রদ্ধা নিবেদন

২। মন্ত্রিসভায় 'যৌতুক নিরোধ আইন-'২০১৮ এর খসড়া অনুমোদন
রমজানে অফিস সময় সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৩টা

৩। মানসম্পন্ন আইসিটি শিক্ষার জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে : শিক্ষামন্ত্রী

৪। একাদশ শ্রেণির ভর্তি নীতিমালা প্রকাশ
সরকারি হলো আরও ১২ মাধ্যমিক স্কুল

৫। দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য হবে বিশেষ রিসোর্স স্কুল : সমাজকল্যাণ মন্ত্রী

৬। বজ্রপাতের পূর্বাভাস দিতে দেশের আট স্থানে সেন্সর স্থাপন

৭। মোবাইলে কেনা যাবে বিমানের টিকিট

৮। মুক্তিযুদ্ধে নারীর ভূমিকা নিয়ে গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে সংস্কৃতিমন্ত্রী

৯। বিশ্বকবির ১৫৭তম জন্মদিন আজ

১০। আজ বিশ্ব থ্যালাসেমিয়া দিবস এবং বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস

চলমান পাতা-২

১। **টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে রাষ্ট্রপতির শ্রদ্ধা নিবেদন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল এ দেশকে সোনার বাংলায় পরিণত করা। তাঁর সে স্বপ্ন পূরণে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে এগিয়ে চলেছে। উন্নয়নের এ অগ্রযাত্রাকে অব্যাহত রাখতে দল-মত, ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। গতকাল (৭ মে সোমবার) দুপুরে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিসৌধে শ্রদ্ধা নিবেদন শেষে পরিদর্শন বইয়ে এসব কথা লেখেন রাষ্ট্রপতি। এর আগে রাষ্ট্রপতি বেলা ১টা ৫৫ মিনিটে বঙ্গবন্ধুর সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এরপর তিন বাহিনীর একটি চৌকস দল রাষ্ট্রপতিকে গার্ড অভ্ অনার প্রদান করে। পরে সমাধিসৌধে রাষ্ট্রপতি সুরা ফাতেহা পাঠসহ বঙ্গবন্ধুর রুহের মাগফিরাত কামনায় দোয়া মোনাজাতে অংশ নেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

২। **মন্ত্রিসভায় যৌতুক নিরোধ আইন-'২০১৮ এর খসড়া অনুমোদন**
**রমজানে অফিস সময় সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৩টা**

'যৌতুক নিয়ে মিথ্যা মামলা করলে সর্বোচ্চ ৫ বছরের জেল বা ৫০ হাজার টাকার জরিমানার বিধান রেখে 'যৌতুক নিরোধ আইন, ২০১৮' এর খসড়া চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এ ছাড়া মন্ত্রিসভা বঙ্গোপসাগরের উপকূলবর্তী বিমসটেকভুক্ত ৭টি দেশের মধ্যে নৌপথে পণ্য পরিবহণ ব্যবস্থা সহজ করতে চুক্তির খসড়া অনুমোদন করেছে। গতকাল (৭ মে সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে এসব অনুমোদন দেয়া হয়। সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভাপতিত্ব করেন। বৈঠকে রমজান মাসে সরকারি প্রতিষ্ঠানে সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত অফিস সময় নির্ধারণ করা হয়েছে। পাশাপাশি 'দ্য গ্লোবাল উইমেনস লিডারশিপ' এওয়ার্ড পাওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** ( পৃ.১,ক.৩), **ডেইলি সান** (শেষপৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮)।

৩। **মানসম্পন্ন আইসিটি শিক্ষার জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে : শিক্ষামন্ত্রী**

সকল শিক্ষাপ্রতিষ্ঠানে আইসিটি শিক্ষা মানসম্পন্ন করে তুলতে এক হাজার ৩৫৩ কোটি টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল (৭ মে সোমবার) রাজধানীর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি অডিটোরিয়ামে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, মানসম্পন্ন আইসিটি শিক্ষা দিতে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে মাল্টিমিডিয়া ক্লাসরুম, আইসিটি ল্যাব ও প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ করা হবে। এজন্য এ প্রকল্প গ্রহণ করা হয়েছে যার লক্ষ্য হচ্ছে ২০২০ সালের মধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে সকল শিক্ষার্থীকে মানসম্পন্ন আইসিটি শিক্ষা প্রদান করা। সূত্র : **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

৪। **একাদশ শ্রেণির ভর্তি নীতিমালা প্রকাশ**
**সরকারি হলো আরও ১২ মাধ্যমিক স্কুল**

একাদশ শ্রেণিতে এসএসসি ও সমমানের পরীক্ষার ফলের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তির জন্য একজন শিক্ষার্থীকে অনলাইন বা মোবাইলে এসএমএসের মাধ্যমে কমপক্ষে ৫টি সর্বোচ্চ ১০টি কলেজ বা সমমানের শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য পছন্দক্রম দিয়ে আবেদন করতে হবে। এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশের একদিন পর গতকাল (৭ মে সোমবার) ২০১৮-১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা জারি করেছে শিক্ষামন্ত্রণালয়। ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে হবে। www.xiclassadmission.gov.bd ঠিকানায়। সূত্র : **প্রথম আলো** (পৃ.৩,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৬)।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি অনুযায়ী আরও ১২টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হয়েছে। গতকাল (৭ মে সোমবার) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এ সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যায়যায়দিন** (পৃ.১,ক.৮)।

**৫। দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য হবে বিশেষ রিসোর্স স্কুল : সমাজকল্যাণ মন্ত্রী**

সমাজকল্যাণ মন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, সরকার দৃষ্টি প্রতিবন্ধীদের মূলধারায় সম্পৃক্তকরণের জন্য বিশেষ রিসোর্স স্কুল গঠন করবে। এছাড়াও সরকারি চাকরিতে তাদের প্রতিবন্ধী কোটায় বিশেষ ব্যবস্থায় নিয়োগ দেওয়ার বিষয়টিও পর্যালোচনা করে দেখা হচ্ছে। গতকাল (৭ মে সোমবার) রাজধানীর আগারগাঁওয়ের সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে 'দৃষ্টিপ্রতিবন্ধী জনগোষ্ঠীর মূলধারায় সম্পৃক্তি: সম্ভাবনা ও চ্যালেঞ্জ' শীর্ষক কর্মশালায় তিনি এ কথা বলেন। সূত্র : **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৬। বজ্রপাতের পূর্বাভাস দিতে দেশের আট স্থানে সেন্সর স্থাপন**

বজ্রপাতের ক্ষয়ক্ষতি ঠেকানোর লক্ষ্যে দেশবাসীকে আগাম সতর্কবার্তা দিতে দেশের আটটি স্থানে পরীক্ষামূলকভাবে বজ্রপাত চিহ্নিতকরণ যন্ত্র বা লাইটনিং ডিটেকটিভ সেন্সর স্থাপন করেছে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। ২০ কোটি টাকা খরচে ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ, সিলেট, পঞ্চগড়, নওগাঁ, খুলনা এবং পটুয়াখালীতে এসব সেন্সর বসানো হয়েছে। ২০১০ সাল থেকে ২০১৭ সাল পর্যন্ত দেশে বজ্রপাতের ঘটনায় ১৮০০'র বেশি মানুষ মারা গেছে। আমেরিকা, ইউরোপের বিভিন্ন দেশ এমনকি ভারতের পশ্চিমবঙ্গ ও অন্ধ্রপ্রদেশ লাইটনিং সেন্সর ব্যবহার করে সুফল পেয়েছে। সেই প্রেক্ষিতেই লাইটনিং ডিটেকটিভ সেন্সর বসানো হয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.১)।

**৭। মোবাইলে কেনা যাবে বিমানের টিকিট**

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স যাত্রীদের টিকিট ক্রয়ের সুবিধার্থে প্রচলিত ট্রাভেল এজেন্ট ও অন-লাইন টিকেটিং এর পাশাপাশি এবার চালু করলো মোবাইল ও ল্যান্ডফোনের মাধ্যমে টিকিট বিক্রয় সেবা। এয়ারলাইন্সটির প্রধান কার্যালয় বলাকায় গতকাল (৭ মে সোমবার) অনুষ্ঠিত এক অনুষ্ঠানে এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এয়ার মার্শাল (অব.) মুহাম্মদ ইনামুল বারী আনুষ্ঠানিকভাবে মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে টিকিট ক্রয়ের সার্ভিস উদ্বোধন করেন। বিমানের ১৫টি আন্তর্জাতিক ও সাতটি অভ্যন্তরীণ গন্তব্যের যে কোনো টিকিট ক্রয় করতে এখন থেকে ০২৮৯০১৬০০ এক্সটেনশন ২৭১০ ও ২৭১১ অথবা মোবাইল নম্বর ০১৭৭৭-৭১৫৬১৩ এ ফোন করে টিকিট বুকিং/ক্রয় করতে পারবেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২)।

**৮। মুক্তিযুদ্ধে নারীর ভূমিকা নিয়ে গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে সংস্কৃতিমন্ত্রী**

একাত্তরের মহান মুক্তিযুদ্ধে নারীর ভূমিকা নিয়ে অধ্যাপক সেলিমা চৌধুরী রচনা করেছেন গবেষণা গ্রন্থ 'উইমেন ইন বাংলাদেশ লিবারেশন ওয়ার রিডিসকভারিং ইন ম্যাডোনা সিরিজ'। জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে গতকাল (৭ মে সোমবার) এর প্রকাশনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৮)।

**৯। বিশ্বকবির ১৫৭তম জন্মদিন আজ**

আজ পঁচিশে বৈশাখ। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৭তম জন্মদিন। বাংলা ১২৬৮ সনের এই দিনে কলকাতার জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে তার জন্ম হয়েছিল। এরপর ৮০ বছরের আয়ুষ্কালে নিজের অজস্র সৃষ্টিতে বাংলা ও বাঙালিকে তিনি বিশ্বমঞ্চে দিয়েছেন নতুনতর পরিচয়। রবীন্দ্রজয়ন্তী উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। এবারও রবীন্দ্রজয়ন্তীতে কবির স্মৃতিধন্য শিলাইদহ, শাহজাদপুর, পতিসর ও দক্ষিণ ডিহি-পিঠাভোগে উদ্‌যাপিত হচ্ছে সরকারি আয়োজনে নানা অনুষ্ঠান। দেশব্যাপী বিভিন্ন সাংস্কৃতিক ও সামাজিক সংগঠন রবীন্দ্রজয়ন্তী পালন করবে। এছাড়া শিল্পকলা একাডেমিতে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করছে। সূত্র : **প্রথম আলো** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬)।

**১০। আজ বিশ্ব থ্যালাসেমিয়া দিবস এবং বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস**

বাংলাদেশে বছরে প্রায় সাড়ে সাত হাজার শিশু থ্যালাসেমিয়া নিয়ে জন্ম নিচ্ছে। থ্যালাসেমিয়া বংশগত রোগ। সাধারণত জন্মের এক থেকে দুই বছরের মধ্যে শিশুদের থ্যালাসেমিয়া ধরা পড়ে। সঠিক চিকিৎসা না হলে রোগী ১০ থেকে ১৫ বছরের মধ্যে মারা যায়। আজ ৮ মে মঙ্গলবার বিশ্ব থ্যালাসেমিয়া দিবস। দিবসটি উপলক্ষে বাণী দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দিবসটি উপলক্ষে গতকাল (৭ মে সোমবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন সেমিনারের আয়োজন করে। সূত্র : **প্রথম আলো** (পৃ.৫,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫)।

বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস আজ। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালিত হবে। কর্মসূচির মধ্যে রয়েছে জাতীয় ও রেড ক্রিসেন্ট পতাকা উত্তোলন, আলোচনাসভা, রেড ক্রিসেন্ট অ্যাওয়ার্ড প্রদান, স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীতে আগাম বৃষ্টিপাতের কারণে এডিস মশার উপদ্রব বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সচেতনতা বৃদ্ধির আহ্বান।

খ. **সংবাদ, ইত্তেফাক, ভোরের কাগজ, বণিক বার্তা, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট, ডেইরি স্টার :** এবারের এসএসসি পরীক্ষায় পরীক্ষার্থীরা ইংরেজি ও গণিতে বেশি ফেল করায় পাসের হার কম হয়েছে উল্লেখ করে শিক্ষাপ্রতিষ্ঠানে এ দুটো বিষয়ে যথাযথ শিক্ষা দেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **যায়যায়দিন :** ওয়াসা থেকে পর্যাপ্ত পানি সরবরাহ না করায় রাজধানীতে অনেক এলাকায় পানি সংকট তীব্র আকার ধারণ করেছে উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **প্রথম আলো :** মিরপুর ১৪ নাম্বার সেকশন মোড় থেকে ভাষানটেক বাজার পর্যন্ত সড়কে বাজার বসায় তা লোকজনের চলাচলে ব্যাঘাত সৃষ্টি করছে উল্লেখ করে রাজধানীতে এ ধরনের সড়ক দখলকারীদের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** গোপালগঞ্জ জেলায় লবণ সহিষ্ণু ধান বিনা−১০ চাষে বাম্পার ফলনের পরিপ্রেক্ষিতে এ ধান চাষে কৃষকদের আগ্রহী করতে কৃষকদের যথাযথ প্রশিক্ষণ ও সরকারি সহযোগিতার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে :** পার্বত্য চট্টগ্রামের সন্ত্রাসী কর্মকাণ্ড প্রতিহতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখাসহ শান্তি বিঘ্নকারীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা জোরদার করার প্রত্যাশা।

ছ. **নিউ এজ :** শিশু নির্যাতন বিষয়ে বাংলাদেশ শিশু অধিকার ফোরামের প্রকাশিত প্রতিবেদন তুলে ধরে শিশু অধিকার সুরক্ষায় সরকারকে কঠোরভাবে আইন প্রয়োগের সুপারিশ।

জ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** রোহিঙ্গাদের মায়ানমারে পুনর্বাসনের ব্যাপারে ওআইসি ও আন্তর্জাতিক সম্প্রদায়কে মায়ানমারের ওপর চাপ সৃষ্টি করে সমস্যার সমাধানে আন্তরিকভাবে বাংলাদেশকে সমর্থনের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, কৃষি গবেষণা, শিক্ষা ও সম্প্রসারণ আধুনিকীকরণের মাধ্যমে আন্তর্জাতিক মানের দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত **'বাল্যবিবাহের বিকল্প কি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বাল্যবিবাহ প্রতিরোধে মেয়েদের নিরাপদ পথচলা নিশ্চিত করতে হবে।

#

খাদীজা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা